পরীক্ষার তারিখ: ১০-১০-২০২৫
সেট নম্বর- ০৩
কোড নাম- চামেলী

# ৪৯ তম বিসিএস (বিশেষ) প্রিলিমিনারি টেস্ট

পূর্ণমান: ১০০
সময়: ১ ঘণ্টা

মোট প্রশ্ন ১০০ (দুইশত)টি। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য প্রার্থী ১(এক) নম্বর। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।

০১। নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন বা সামরিক জোট কত সালে সাক্ষরিত হয়?
(ক) ১৯৩৯ (খ) ১৯৪৩
(গ) ১৯৪৯ (ঘ) ১৯৬০
উত্তরঃ (গ) ১৯৪৯।
ব্যাখ্যাঃ নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন বা সামরিক জোট (NATO) ১৯৪৯ সালের ৪ এপ্রিল ১২ টি দেশ নিয়ে গঠিত হয়। এর প্রতিষ্ঠাকালীন সদরদপ্তর ছিল লন্ডনে এবং বর্তমান সদরদপ্তর ব্রাসেলসে। ন্যাটো চুক্তির আর্টিকেল ৫ অনুযায়ী এক বা একাধিক সদস্যের উপর সশস্ত্র হামলা সবার উপর হামলা বলে বিবেচিত হবে।

০২। ১৯৫২ সালের ভাষা আন্দোলনে নেতৃস্থানীয় ভূমিকা পালন করে সাংস্কৃতিক সংগঠন ‘তমুদ্দুন মজলিস’। তমুদ্দুন মজলিস-এর প্রতিষ্ঠাতা অধ্যাপক আবুল কাশেম ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের শিক্ষক ছিলেন?
(ক) রসায়ন (খ) পদার্থ বিজ্ঞান
(গ) অর্থনীতি (ঘ) ইসলামী শিক্ষা
উত্তরঃ (খ) পদার্থ বিজ্ঞান।
ব্যাখ্যাঃ ১৯৫২ সালের ভাষা আন্দোলনে নেতৃস্থানীয় ভূমিকা পালন করে সাংস্কৃতিক সংগঠন ‘তমুদ্দুন মজলিশ’। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের অধ্যাপক আবুল কাশেমের উদ্যোগে ১ সেপ্টেম্বর, ১৯৪৭ সালে এটি প্রতিষ্ঠিত হয়। ‘তমুদ্দুন মজলিশ’ ১৯৪৭ সালের ১৫ সেপ্টেম্বর ‘পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু’ শিরোনামে একটি পুস্তিকা প্রকাশ করে।

০৩। একটি ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল 48 বর্গমিটার। ঘনকটির কর্ণের দৈর্ঘ্য কত?
(ক) $2\sqrt{2}$ মিটার (খ) $2\sqrt{3}$ মিটার
(গ) 2 মিটার (ঘ) $2\sqrt{6}$ মিটার
উত্তরঃ (ঘ) $2\sqrt{6}$ মিটার।
ব্যাখ্যাঃ ঘনকের এক ধার a হলে
সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল = $6a^2$
তাহলে, $6a^2 = 48$
$\Rightarrow a^2 = 8$
$\therefore a = 2\sqrt{2}$
ঘনকের কর্ণের দৈর্ঘ্য $\sqrt{3}a = \sqrt{3} \times 2\sqrt{2} = 2\sqrt{6}$.

০৪। বাংলাদেশ-ICCPRএর স্বাক্ষরকারী একটি দেশ। ICCPR এর পূর্ণরূপ কী?
(ক) International Conference on Civil and Political Rights.
(খ) International Conference of Civil and Political Rights.
(গ) International Covenant on Civil and Political Rights.
(ঘ) International Covenant of Civil and Political Rights.
উত্তরঃ (গ) International Covenant on Civil and Political Rights.
ব্যাখ্যাঃ ICCPR এর পূর্ণরূপ International Covenant on Civil and Political Rights. এটি জাতিসংঘ সাধারণ পরিষদ কর্তৃক ১৯৫৬ সালে গৃহীত ও স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয় এবং প্রয়োজনীয় সংখ্যক রাষ্ট্রপক্ষের অনুশাসনের মধ্য দিয়ে ১৯৭৬ সালে কার্যকারিতা লাভ করে।

০৫। একটি ট্রেন প্রতি সেকেন্ডে ১০০ ফুট বেগে চলছে। এক ব্যক্তির বন্দুকের গুলির বেগ সেকেন্ডে ২০০ ফুট। উক্ত ব্যক্তি চলন্ত ট্রেনের ৩০০ ফুট সামনে একটা স্তম্ভ লক্ষ্য করে গুলি ছুড়লে কত সেকেন্ড পর তা স্তম্ভকে আঘাত করবে?
(ক) ৩ (খ) ১.৫
(গ) ১ (ঘ) ০.৫
উত্তরঃ (গ) ১।
ব্যাখ্যাঃ দেওয়া আছে, ট্রেনের বেগ = ১০০ ফুট/সেকেন্ড
গুলির বেগ = ২০০ ফুট/সেকেন্ড
দূরত্ব = ৩০০ ফুট
সুতরাং সময় = $\frac{\text{দূরত্ব}}{\text{মোট বেগ}}$
$= \frac{৩০০}{১০০+২০০} = \frac{৩০০}{৩০০} =$ ১ সেকেন্ড।

০৬। গ্রিনল্যান্ড নিচের কোন রাষ্ট্রের অন্তর্ভুক্ত?
(ক) সুইডেন (খ) ডেনমার্ক
(গ) নরওয়ে (ঘ) ফিনল্যান্ড
উত্তরঃ (খ) ডেনমার্ক।
ব্যাখ্যাঃ পৃথিবীর বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ড। এর মালিকানা ডেনমার্কের। রাজনৈতিকভাবে এটি ইউরোপ মহাদেশে (ডেনমার্কের অধীনে) কিন্তু ভৌগোলিকভাবে উত্তর আমেরিকা মহাদেশে অবস্থিত।

০৭। বাংলাদেশের রাজনীতি সম্পর্কে একজন আমেরিকান ঐতিহাসিক মন্তব্য করেছেন; “বাংলাদেশের রাজনীতি ব্যক্তিত্বকে কেন্দ্র করে আবর্তিত হয়, ধারনা বা প্রতিষ্ঠানকে কেন্দ্র করে নয়” এই ঐতিহাসিকের নাম কি?
(ক) এন্থনি মাসকারেনহাস
(খ) লরেঞ্চ জিরিং
(গ) লরেঞ্চ লিফশুলজ
(ঘ) হেনরি কিসিঞ্জার
উত্তরঃ (খ) লরেঞ্চ জিরিং।
ব্যাখ্যাঃ বাংলাদেশের রাজনীতি ব্যক্তিত্বকে কেন্দ্র করে আবর্তিত হয়, ধারণা বা প্রতিষ্ঠানকে কেন্দ্র করে নয়, মন্তব্যটি আমেরিকান ঐতিহাসিক লরেঞ্চ জিরিং এর। তিনি তার বই ‘Bangladesh: from Mujib to Ershad: an interpretive study’ তে এ মন্তব্যটি করেন। তিনি তার বইয়ে মন্তব্যটিতে বলেছেন- ‘Politics in Bangladesh revolves around personalities, not ideas on institutions’.

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

০৮। বিশ্বের প্রথম জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী কোনটি?
(ক) UNOSOM (খ) UNMOGIP
(গ) UNTSO (ঘ) UNEF 1
উত্তরঃ (গ) UNTSO.
ব্যাখ্যাঃ জাতিসংঘ ১৯৪৮ সাল থেকে প্রথম শান্তিরক্ষা কার্যক্রম শুরু করে। প্রথম আরব-ইসরাইল যুদ্ধের (১৯৪৮) প্রেক্ষাপটে জাতিসংঘের প্রথম শান্তিরক্ষী বাহিনী United Nations Tryce Supervision organization (UNTSO) গঠিত হয়।

০৯। বাংলাদেশের জাতীয় দিবস কোনটি?
(ক) ২৬ মার্চ (খ) ২১ ফেব্রুয়ারি
(গ) ১৬ ডিসেম্বর (ঘ) ৫ আগস্ট
উত্তরঃ (ক) ২৬ মার্চ।
ব্যাখ্যাঃ ১৯৭১ সালের ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়। ১৯৭২ সালে প্রকাশিত এক বিশেষ প্রজ্ঞাপনের মাধ্যমে ২৬ মার্চকে স্বাধীনতা ও জাতীয় দিবস হিসেবে ঘোষণা করা হয়।

১০। Pick the correctly spelt word-
(ক) Conscintious (খ) Consientious
(গ) concientious (ঘ) conscientious
উত্তরঃ (ঘ) conscientious.
ব্যাখ্যাঃ শুদ্ধ বানান হচ্ছে conscientious, যার অর্থ বিবেকবান, ন্যায়বান।

১১। প্রথম বিশ্বযুদ্ধ কোন চুক্তির মাধ্যমে সমাপ্ত হয়?
(ক) প্যারিস চুক্তি (খ) ভারসাই চুক্তি
(গ) জেনেভা চুক্তি (ঘ) রোম চুক্তি
উত্তরঃ (খ) ভারসাই চুক্তি।
ব্যাখ্যাঃ ১৯১৪ সালে অস্ট্রিয়ার যুবরাজ ডিউক ফর্ডিন্যান্ড সস্ত্রীক বসনিয়ার রাজধানী সারায়েভোতে নিহত হলে অস্ট্রিয়া সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এ যুদ্ধে ধীরে ধীরে বন্ধু রাষ্ট্রগুলো জড়িয়ে পড়লে প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়। ১৯১৯ সালে জার্মানির সাথে মিত্রশক্তিদের মধ্যে স্বাক্ষরিত 'ভার্সাই চুক্তি' এর মাধ্যমে প্রথম বিশ্বযুদ্ধের আনুষ্ঠানিক সমাপ্তি হয়।

১২। 'পরিবার থেকেই শিক্ষার শুরু'- এখানে 'থেকে' শব্দের সাথে যুক্ত 'ই'-এর ব্যাকরণিক পরিচয় কী?
(ক) উপসর্গ (খ) প্রত্যয়
(গ) ধাতু (ঘ) বলক
উত্তরঃ (ঘ) বলক।
ব্যাখ্যাঃ অনেক সময় বক্তব্যের গুরুত্বকে বাড়ানোর জন্য অথবা বক্তব্যকে জোড়ালো করার জন্য বর্ণ বা বর্ণগুচ্ছ পদের সঙ্গে যুক্ত হয়। এই বর্ণ বা বর্ণগুচ্ছকে বলক বলে। যেমন: (i) পরিবার থেকেই শিক্ষার শুরু ('ই' বলক)।
(ii) তখনও বৃষ্টি শুরু হয়নি ('ও' বলক)।

১৩। একটা লোহার গোলক গলিয়ে কয়টি সমান আয়তনের গোলক তৈরী সম্ভব যাদের প্রত্যেকের ব্যাসার্ধ বড় গোলকটির অর্ধেক?
(ক) ৪ (খ) ৮
(গ) ১৬ (ঘ) ২
উত্তরঃ (খ) ৮।
ব্যাখ্যাঃ ধরি, গোলকটি ব্যাসার্ধ = ২a
তাহলে, আয়তন = $\frac{8}{৩} \times (২a)^3 = ৮ \times \frac{8}{৩}\ \pi a^৩$
এর অর্ধেক ব্যাসার্ধের গোলকের আয়তন = $\frac{8}{৩}\ \pi a^৩$
তাহলে বড় গোলক থেকে ছোট গোলক বানানো যাবে = $\frac{৮\times\frac{8}{৩}\pi a^3}{\frac{8}{৩}\pi a^3}$ = ৮টি।

১৪। 'They talked about going on a vacation'. Here 'going' is a/an-
(ক) participle (খ) infinitive
(গ) verbal noun (ঘ) gerund
উত্তরঃ (ঘ) gerund.
ব্যাখ্যাঃ Preposition এর object হিসেবে verb+ing বসলে তা gerund হবে। বাক্যটিতে Preposition (about) এর object হিসেবে going বসেছে। তাই 'going' হচ্ছে gerund কিন্তু in, out, inside, outside, about/around এরা adverb হিসেবে কাজ করলে এদের পরের verb+ing টি present participle হবে।

১৫। $\log_x 4 = -2$ হলে x = কত?
(ক) $\frac{1}{2}$ (খ) $-\frac{1}{2}$
(গ) 2 (ঘ) −2
উত্তরঃ (ক) $\frac{1}{2}$.
ব্যাখ্যাঃ $\log_x 4 = -2$
$\Rightarrow x^{-2} = 4$ [$\log_a b = c$ হলে, $a^c = b$]
$\Rightarrow x^2 = 4^{-1} = \frac{1}{4}$ [উভয় পক্ষের ঘাতকে −1 দ্বারা গুণ করে]
$\therefore x = \frac{1}{2}$

১৬। মার্কিন যুক্তরাষ্ট্রের কোন প্রেসিডেন্ট জাপানে পারমাণবিক বোমা নিক্ষেপের অনুমোদন করেছিলেন?
(ক) হ্যারি এস ট্রুম্যান (খ) ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট
(গ) রিচার্ড নিক্সন (ঘ) জর্জ ডাব্লিও বুশ
উত্তরঃ (ক) হ্যাঁরি এস ট্রুম্যান।
ব্যাখ্যাঃ ১৯৪১ সালের ৭ ডিসেম্বর জাপান মার্কিন নৌ ঘাঁটি পার্ল হারবারে বোমা বর্ষণ করলে এর প্রতিক্রিয়ায় মার্কিন যুক্তরাষ্ট্র সক্রিয়ভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করে। পরবর্তীতে ১৯৪৫ সালে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট হ্যারি এস ট্রুম্যান জাপানে পারমাণবিক বোমা নিক্ষেপের অনুমোদন করেন। ফলে যুক্তরাষ্ট্র ৬ আগস্ট জাপানের হিরোসিমায় এবং ৯ আগস্ট নাগাসাকিতে পারমাণবিক বোমা নিক্ষেপ করে।

১৭। একটি ত্রিভুজের প্রথম কোণ দ্বিতীয় কোণের অর্ধেক। তৃতীয় কোণ অপর দুই কোণের বিয়োগফলের তিনগুণ। দ্বিতীয় কোণটি কত ডিগ্রী?
(ক) ৩০ (খ) ৬০
(গ) ৯০ (ঘ) ৪৫
উত্তরঃ (খ) ৬০।
ব্যাখ্যাঃ ধরি, দ্বিতীয় কোণটি = ২a
তাহলে প্রথম কোণটি = a
এবং তৃতীয় কোণটি = ৩(২a − a) = ৩a
আমরা জানি, ত্রিভুজের ৩ কোনের সমষ্টি ১৮০°
∴ a + ২a + ৩a = ১৮০°
⇒ ৬a = ১৮০°
⇒ ২a = $\frac{১৮০}{৩}$ = ৬০°
∴ দ্বিতীয় কোণটি ৬০°

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

১৮। দুইটি সংখ্যার ল.সা.গু $4x^2 + 12x^2 - 16x - 48$ গ.সা.গু $2x + 4$। একটি সংখ্যা $4x^2 + 20x + 24$ হলে অপরটি-

(ক) $x^2 - 4$ (খ) $2(x^2 - 4)$
(গ) $4(x^2 - 4)$ (ঘ) $x + 2$

উত্তরঃ Blank.

ব্যাখ্যাঃ আমরা জানি দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু

তাহলে, $(4x^2 + 20x + 24) \times$ অপর সংখ্যা $= (4x^2 + 12x^2 - 16x - 48) \times (2x + 4)$

$\therefore$ অপর সংখ্যা $= \frac{(16x^2-16x-48)\times(2x+4)}{4x^2+20x+24}$

$= \frac{16(x^2-x-3)\times2(x+2)}{4(x^2+5x+6)} = \frac{8\times(x^2-x-3)\times(x+2)}{(x+3)(x+2)}$

$= \frac{8\times(x^2-x-3)}{x+3}$.

১৯। ODS (Ozone Depleting Substances) এর ব্যবহার কমানোর জন্য কোন চুক্তি সাক্ষরিত হয়?

(ক) কিয়োটো প্রটোকল (খ) মন্ট্রিল প্রটোকল
(গ) প্যারিস চুক্তি (ঘ) রামসার কনভেনশন

উত্তরঃ (খ) মন্ট্রিল প্রটোকল।

ব্যাখ্যাঃ ODS (Ozone Depleting Substances) এর ব্যবহার কমানোর জন্য ১৯৮৭ সালে কানাডার মন্ট্রিলে স্বাক্ষরিত হয় Montreal protocol on substances that Deplete the Ozone Layen যা মন্ট্রিল প্রোটোকল নামে পরিচিত। এর উদ্দেশ্য ছিল বায়ুমণ্ডলের স্ট্র্যাটোস্ফিয়ার স্তরে অবস্থিত ওজনস্তরকে রক্ষা করা, বিশ্বব্যাপী ওজোনস্তর ধ্বংসকারী CFC (ক্লোরোফ্লুরো কার্বন) বর্জন করা।

২০। যদি গতকাল শুক্রবার হতো, তাহলে আজ থেকে ৮১ তম দিন কি বার হবে?

(ক) শুক্রবার (খ) বুধবার
(গ) সোমবার (ঘ) রবিবার

উত্তরঃ (খ) বুধবার।

ব্যাখ্যাঃ ১ সপ্তাহ = ৭ দিন

∴ ৮১ দিন = ৮১ ÷ ৭ = ১১ সপ্তাহ + ৪ দিন

১১ সপ্তাহ বা ৭৭ তম দিন একই বার হবে।

অর্থাৎ, আজ থেকে ৮১ দিন পর হবে (১১ সপ্তাহ + ৪ দিন) পর।

এখন, গতকাল শুক্রবার। সুতরাং আজ শনিবার।

১ দিন পর = রবিবার; ২ দিন পর = সোমবার;

৩ দিন পর = মঙ্গলবার; ৪ দিন পর = বুধবার।

২১। নিম্নোক্ত কোন ভারতীয় রাজ্যের বাংলাদেশের সাথে কোন ভূমি সীমানা নাই?

(ক) নাগাল্যান্ড (খ) মিজোরাম
(গ) মেঘালয় (ঘ) আসাম

উত্তরঃ (ক) নাগাল্যান্ড।

ব্যাখ্যাঃ নাগাল্যান্ড রাজ্যের সাথে বাংলাদেশের কোনো ভূমি সীমানা নেই। বাংলাদেশ ভারতের মোট পাঁচটি রাজ্যের সাথে তার স্থল সীমানা ভাগ করে। রাজ্যগুলি হলো:

১. পশ্চিমবঙ্গ (West Bengal) ২. আসাম (Assam) ৩. মেঘালয় (Meghalaya) ৪. ত্রিপুরা (Tripura) ৫. মিজোরাম (Mizoram)।

২২। আহমদ শরীফের মতে মধ্যযুগে চণ্ডীদাস নামে কতজন কবি ছিলেন?

(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

উত্তরঃ (খ) ৩।

ব্যাখ্যাঃ ড. আহমদ শরীফ তিনজন চণ্ডীদাসের কথা বলেছেন:

১. অনন্ত বড়ু চণ্ডীদাস- সর্বপ্রাচীন চণ্ডীদাস।

২. চণ্ডীদাস- চৈতন্য পূর্বকালের বা জ্যেষ্ঠ সমসাময়িক।

৩. দীন চণ্ডীদাস- আঠার শতকের শেষার্ধ।

২৩। The novel ‘Wuthering Heights’ was penned by the author under the penname

(ক) Ellise Bellet
(খ) Ellis Belle
(গ) Ellis Bell
(ঘ) Una Elis

উত্তরঃ (গ) Ellis Bell.

ব্যাখ্যাঃ ‘Wuthering Heights’ উপন্যাসের লেখক Emily Brontë। তিনি Ellis Bell ছদ্মনাম লিখতেন। Emily Brontë তার দুই বোন Charlotte Brontë এবং Anne Brontë-এর সাথে মিলে ১৮৪৬ সালে ‘Poems by Currer, Ellis, and Acton Bell’ নামে একটি কবিতার বই প্রকাশ করেছিলেন। এতে Charlotte ব্যবহার করেছিলেন Currer Bell ছদ্মনাম, এবং Anne ব্যবহার করেছিলেন Acton Bell ছদ্মনাম। উনবিংশ শতাব্দীর ব্রিটেনে মহিলাদের লেখালেখি প্রকাশের ক্ষেত্রে যে সামাজিক বাধা ও লিঙ্গ বৈষম্য ছিল, তা এড়াতেই ব্রন্টি বোনেরা পুরুষালি ছদ্মনাম ব্যবহার করেছিলেন এটি প্রকাশ করতে।

২৪। মধুসূদন দত্তের পূর্ববর্তী গুরুত্বপূর্ণ কবি কে?

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর
(খ) কায়কোবাদ
(গ) ঈশ্বরচন্দ্র গুপ্ত
(ঘ) ইসমাইল হোসেন সিরাজী

উত্তরঃ (গ) ঈশ্বরচন্দ্র গুপ্ত।

ব্যাখ্যাঃ বাংলা সাহিত্যের মধ্যযুগ ও আধুনিক যুগের সন্ধিক্ষণে ঈশ্বরচন্দ্র গুপ্ত (১৮১২-১৮৫৯) জন্মগ্রহণ করেন এ জন্য তাকে যুগসন্ধিক্ষণের কবি বলা হয়। অপরদিকে মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪-১৮৭৩) হলেন বাংলা সাহিত্যে আধুনিকতার প্রবর্তক। সুতরাং, গুরুত্ব বিবেচনায় মধুসূদন দত্তের পূর্ববর্তী গুরুত্বপূর্ণ কবি হলেন ঈশ্বরচন্দ্র গুপ্ত।

২৫। আয়নাঘর কী?

(ক) স্বচ্ছ কামরা
(খ) পরিবেশ বান্ধব কৃষিকাজ
(গ) গোপন কারাগার
(ঘ) একটি হলিউড মুভি

উত্তরঃ (গ) গোপন কারাগার।

ব্যাখ্যাঃ আয়নাঘর হলো গোপন কারাগার বা টর্চার সেল। এসব বদ্ধ ঘরে বন্দীকে রেখে নানা ধরনের অত্যাচার চালানো হতো যা সম্পূর্ণ মানবতাবিরোধী।

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

২৬। বাংলাদেশের সংবিধানের আলোকে নিম্নের কোন অধিকারটি মৌলিক অধিকারের অন্তর্ভুক্ত নয়?
(ক) বাক-স্বাধীনতার অধিকার (খ) শিক্ষার অধিকার
(গ) সভা সমাবেশের অধিকার (ঘ) ধর্মচর্চার অধিকার
উত্তরঃ (খ) শিক্ষার অধিকার।
ব্যাখ্যাঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২য় ভাগ "রাষ্ট্র পরিচালনার মূলনীতি।" এ ভাগের ১৭ নং অনুচ্ছেদ 'অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা'। আর ৩য় ভাগ হলো "মৌলিক অধিকার যার মধ্যে,
৩৭– সভা-সমাবেশের স্বাধীনতা
৩৯– চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক্ স্বাধীনতা
৪১– ধর্মীয় স্বাধীনতা।
সুতরাং শিক্ষার অধিকার বিষয়টি মৌলিক অধিকারের মধ্যে নয় বরং রাষ্ট্র পরিচালনার মূলনীতির অংশ।

২৭। Which gender is the noun 'neighbour'?
(ক) Masculin (খ) Feminine
(গ) Neuter (ঘ) Common
উত্তরঃ (ঘ) Common.
ব্যাখ্যাঃ যে noun পুংবাচক বা স্ত্রীবাচক উভয়কে বুঝালে তাকে common অথবা Neutral Gender বলে। 'Neighbour' শব্দটি দ্বারা স্ত্রীবাচক বা পুরুষবাচক উভয়কেই নির্দেশিত করে, তাই শব্দটি common gender.

২৮। 'কম-দামে কেনা বেশী দামে বেচা আমাদের স্বাধীনতা'- বইটির লেখক কে?
(ক) আবুল কালাম শামসুদ্দীন (খ) আবুল মনসুর আহমদ
(গ) শামসুদ্দিন আবুল কালাম (ঘ) এস ওয়াজেদ আলী
উত্তরঃ (খ) আবুল মনসুর আহমদ।
ব্যাখ্যাঃ আবুল মনসুর আহমদ রচিত উল্লেখযোগ্য প্রবন্ধগ্রন্থ: আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর, বেশী দামে কেনা কম দামে বেচা, আমাদের স্বাধীনতা, পাক-বাংলার কালচার- প্রভৃতি।

২৯। একটি সমান্তর ধারার 4র্থ (চতুর্থ) এবং 12 তম পদের যোগফল 20। ঐ ধারার প্রথম 15 পদের যোগফল কত?
(ক) 100 (খ) 150
(গ) 200 (ঘ) 300
উত্তরঃ (খ) 150.
ব্যাখ্যাঃ সমান্তর ধারার n তমপদ $= a + (n-1)d$
যেখানে, a = প্রথম পদ
d = পাশাপাশি দুই পদের পার্থক্য
∴ 4র্থ পদ $= a + (4-1)d = a + 3d$
∴ 12তম পদ $= a + (12-1)d = a + 11d$
দেওয়া আছে,
$$a + 3d + a + 11d = 20$$
$$\Rightarrow 2a + 14d = 20$$
এখানে, n সংখ্যক পদের সমষ্টি $= \frac{n}{2}\{2a + (a-1)d\}$
∴ 15টি পদের সমষ্টি $= \frac{15}{2}\{2a + (15-1)d\}$
$$= \frac{15}{2}\{2a + 14d\}$$
$$= \frac{15}{2} \times 20 = 150$$

৩০। 'Someone sneezed loudly at the back of the hall.' In this sentence the verb 'sneezed' is
(ক) causative (খ) intransitive
(গ) transitive (ঘ) factitive
উত্তরঃ (খ) intransitive.
ব্যাখ্যাঃ বাক্যের অর্থ সম্পন্ন করতে যে verb এর object প্রয়োজন হয় না, তাকে Intransitive verb বলে। বাক্যটিতে 'Snezed', verb টির অর্থ প্রকাশ করার জন্য কোনো direct object এর প্রয়োজন নেই, তাই এটি Intransitive verb.

৩১। ১৯১১ সালে বঙ্গভঙ্গ রদের পর ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ব্রিটিশ সরকারের কাছে দেনদরবার করার ক্ষেত্রে কোন নেতা অগ্রণী ভূমিকা পালন করেন?
(ক) হাকিম আজমল খান
(খ) শেরে বাংলা এ. কে. ফজলুল হক
(গ) স্যার সলিমুল্লাহ
(ঘ) স্যার আব্দুর রহিম
উত্তরঃ (গ) স্যার সলিমুল্লাহ।
ব্যাখ্যাঃ ১৯১১ সালে বঙ্গভঙ্গ রদ হওয়ার ফলে পূর্ববঙ্গের মুসলমান সমাজ যে চরম হতাশায় ডুবেছিল, সেই ক্ষতিপূরণ হিসেবে ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি তোলার ক্ষেত্রে ঢাকার নবাব স্যার সলিমুল্লাহ অগ্রণী ভূমিকা পালন করেন। ১৯১২ সালের ২১শে জানুয়ারি তৎকালীন ব্রিটিশ ভারতের ভাইসরয় লর্ড হার্ডিঞ্জ ঢাকা সফরে এলে ঢাকার নবাব স্যার সলিমুল্লাহর নেতৃত্বে স্থানীয় প্রভাবশালী মুসলিম নেতারা তাঁর সঙ্গে সাক্ষাৎ করেন এবং বঙ্গভঙ্গ রদের ক্ষতিপূরণ হিসেবে ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবি জানান। নবাব সলিমুল্লাহর এই বলিষ্ঠ দেনদরবারের ফলেই লর্ড হার্ডিঞ্জ ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেন।

৩২। A person who leaves his/her own country to settle permanently in another is called a/an
(ক) immigrant (খ) expatriate
(গ) emigrant (ঘ) migrant
উত্তরঃ (গ) emigrant.
ব্যাখ্যাঃ A person who leaves his or her own country to settle permanently in another = Emigrant.
A person who has come to live permanently in a country from his Own = Immigrant.

৩৩। সংবিধান অনুযায়ী জাতীয় সংসদের ইংরেজী নাম কী?
(ক) Parliament
(খ) National Parliament
(গ) Legislature
(ঘ) The House of the Nation
উত্তরঃ (ঘ) The House of the Nation.
ব্যাখ্যাঃ বাংলাদেশের সংবিধানের পঞ্চম ভাগে ৬৫ অনুচ্ছেদে সংসদের প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। ৬৫ অনুচ্ছেদ (১)-এ বলা হয়েছে: "There shall be a Parliament for Bangladesh (to be known as the House of the Nation)..." অর্থাৎ, সংবিধান অনুযায়ী জাতীয় সংসদের (বাংলা নাম: জাতীয় সংসদ) ইংরেজি নাম হলো The House of the Nation.

৩৪। ‘এ কাজ করতে আমি বদ্ধ পরিকর’- এখানে ‘পরিবার’ শব্দের অর্থ কী?

(ক) শ্বাস (খ) প্রতিজ্ঞা
(গ) কোমর (ঘ) প্রতিশ্রুত

উত্তরঃ (ঘ) প্রতিশ্রুত।

ব্যাখ্যাঃ প্রশ্নে পরিবারের পরিবর্তে পরিকর হবে। পরিকর অর্থ হলো: কোন কাজ সম্পন্ন করার জন্য দৃঢ় প্রতিজ্ঞ বা প্রতিশ্রুত।

৩৫। নীচের ধারার পরবর্তী সংখ্যা কোনটি?

১, √৯, ৫, √৪৯, ......

(ক) ৮ (খ) ৯
(গ) ১০ (ঘ) ১২

উত্তরঃ (খ) ৯।

ব্যাখ্যাঃ ১, √৯, ৫, √৪৯, ......
= ১, ৩, ৫, ৭ ... ... ...
তাহলে, ধারাটি = ১, ৩, ৫, ৭, ৯ ....

৩৬। $x^2 + 6x - 27 < 0$ অসমতাটির সমাধান সেট নিচের কোনটি?

(ক) $[-9, 3]$ (খ) $[3, \infty)$
(গ) $(-9, 3)$ (ঘ) $(\infty, -9)$

উত্তরঃ (গ) $(-9, 3)$।

ব্যাখ্যাঃ $x^2 + 6x - 27 < 0$
$\Rightarrow x^2 + 9x - 3x - 27 < 0$
$\Rightarrow x(-x + 9) - 3(x + 9) < 0$
$\Rightarrow (x + 3)(x + 9) < 0$
হয়, অথবা,
$x - 3 < 0$ $x + 9 > 0$ $x - 3 > 0$ $x + 9 < 0$
$\Rightarrow x < 3$ $\Rightarrow x > -9$ $\Rightarrow x > 3$ $\Rightarrow x < -9$
সুতরাং, উল্লিখিত অসমতার সমাধান $(-9, 3)$

৩৭। জিএসপি (GSP) এর পূর্ণরূপ কী?

(ক) Generalized System of Preference
(খ) Global System of Positioning
(গ) Global Strategic Partnership
(ঘ) Government Support Program

উত্তরঃ (ক) Generalized System of Preference.

ব্যাখ্যাঃ GSP এর পূর্ণরূপ Generalized System of Preference. জিএসপি হচ্ছে বিশ্বের ঝুঁকিপূর্ণ উন্নয়নশীল দেশগুলোকে শুল্কমুক্ত রপ্তানি সহায়তা দেয়ার জন্য এক ধরনের বাণিজ্য নীতি। এর মাধ্যমে আমদানি রপ্তানির শুল্ক মওকুফ বা কমানো হয়।

৩৮। আফিম যুদ্ধ কোন্ দুইটি দেশের মধ্যে সংঘটিত হয়?

(ক) চীন ও আফগানিস্তান
(খ) চীন ও ইংল্যান্ড
(গ) চীন ও রাশিয়া
(ঘ) ইংল্যান্ড ও আফগানিস্তান

উত্তরঃ (খ) চীন ও ইংল্যান্ড।

ব্যাখ্যাঃ চীন আর ব্রিটেনের মধ্যে ১৮৩৯ থেকে ১৮৪২ সাল পর্যন্ত সংঘটিত হয় অফিস যুদ্ধ। যুদ্ধে চীন পরাজিত হয় এবং পাঁচটি গুরুত্বপূর্ণ বন্দর ব্রিটিশদের ছেড়ে দেয়। সেই সঙ্গে পুরো চীনে ব্যবসা করার অনুমতি এবং হংকংকে ব্রিটিশ সাম্রাজ্য যুক্ত করা হয়।

৩৯। চব্বিশের গণঅভ্যুত্থান পর বাংলাদেশের জাতীয় সংসদের সংস্কার বিষয়ে ঐক্যমতের অন্যতম প্রস্তাব কি?

(ক) দ্বি-স্তর বিশিষ্ট সংসদ
(খ) সংসদের আসন বৃদ্ধি
(গ) সংরক্ষিত নারী আসন বাতিল
(ঘ) পি আর (PR) চালু করা

উত্তরঃ (ক) দ্বি-স্তর বিশিষ্ট সংসদ।

ব্যাখ্যাঃ চব্বিশের গণঅভ্যুত্থান পর বাংলাদেশের জাতীয় সংসদের সংস্কার বিষয়ে ঐকমত্য কমিশন কিছু প্রস্তাব করে। এর মধ্যে উল্লেখযোগ্য-
⇒ দ্বি-স্তর বিশিষ্ট সংসদ
⇒ সংসদীয় স্থায়ী কমিটির সভাপতিত্ব

৪০। কেপ ভারদ (Cape Verde) দ্বীপ রাষ্ট্রটি কোথায় অবস্থিত?

(ক) গালফ অফ গিনি (খ) ফ্রেজ পলিনেশিয়া
(গ) দক্ষিণ আফ্রিকা (ঘ) পশ্চিম আফ্রিকা

উত্তরঃ (ঘ) পশ্চিম আফ্রিকা।

ব্যাখ্যাঃ কেপ ভার্দে পশ্চিম আফ্রিকার উপকূলে আটলান্টিক মহাসাগরে অবস্থিত একটি দ্বীপ। কেপ ভার্দে ১০টি প্রধান এবং ৮টি ক্ষুদ্র দ্বীপ নিয়ে গঠিত।

৪১। নিম্নোক্ত কোন দেশ বা অঞ্চল জাতিসংঘের সদস্য দেশ নয়?

(ক) তিমুর লিস্টি
(খ) দক্ষিন সুদান
(গ) ওয়েস্টার্ন সাহারা
(ঘ) সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক

উত্তরঃ (গ) ওয়েস্টার্ন সাহারা।

ব্যাখ্যাঃ আফ্রিকা মহাদেশের উত্তর প্রান্তে আটলান্টিক মহাসাগরের তীর ঘেঁষে অবস্থিত স্বাধীনতাকামী অঞ্চল পশ্চিম সাহারা। এর অধিকাংশ এলাকা বর্তমানে মরক্কোর নিয়ন্ত্রণে। বর্তমানে পশ্চিম সাহারা নিয়ে মরক্কো এবং ‘পশ্চিম সাহারার স্বাধীনতাকামী সংগঠন ‘পোলিসারিও ফ্রন্ট’ এর গেরিলাদের মধ্যে সংঘাত বিদ্যমান রয়েছে।

৪২। ১ জন লোক ১ টা কলা ১ মিনিটে খেতে পারে। তাহলে ৫ জন লোকের ৫ টা কলা খেতে কত মিনিট সময় লাগবে?

(ক) ৫ (খ) ২৫
(গ) ১ (ঘ) ১০

উত্তরঃ (গ) ১।

ব্যাখ্যাঃ
১ জন ১টি কলা খায় ১ মিনিটে
৫ জন ১টি কলা খায় $\frac{১}{৫}$ মিনিটে
৫ জন ৫টি কলা খায় $\frac{১\times৫}{৫}$ = ১ মিনিটে

৪৩। Identify the word that can be used as both singular and plural-

(ক) light (খ) shot
(গ) criterion (ঘ) cannon

উত্তরঃ (ঘ) cannon.

ব্যাখ্যাঃ ‘Cannon’ শব্দটি Singular এবং Plural উভয় ক্ষেত্রেই ব্যবহার করা যায়। যেমন:
The cannon was fired (Singular).
The five cannon were lined up (Plural).

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

৪৪। 'শিক্ষককে বুঝতে হবে শিক্ষার্থী কী চায়'- এই বাক্যে শিক্ষক ও শিক্ষার্থীর প্রয়োগ হয়েছে-
(ক) একবচন বোঝাতে
(খ) বহুবচন বোঝাতে
(গ) একবচন ও বহুবচন উভয়ই বোঝাতে
(ঘ) প্রথমটি একবচন, পরেরটি বহুবচন বোঝাতে
উত্তরঃ (গ) একবচন ও বহুবচন উভয়ই বোঝাতে।
ব্যাখ্যাঃ 'শিক্ষককে বুঝতে হবে শিক্ষার্থী কী চায়' এই বাক্যে-১. একজন নির্দিষ্ট শিক্ষককে (একবচন) বুঝাতে হবে একজন নির্দিষ্ট শিক্ষার্থী (একবচন) কী চায়।
২. শিক্ষক জাতি (বহুবচন) বুঝতে হবে শিক্ষার্থী জাতি (বহুবচন) কী চায়।
উভয় অর্থই প্রকাশ পায়। অর্থাৎ একবচন ও বহুবচন উভয়ই বোঝায়।

৪৫। বাংলাদেশের ওয়ারেন্ট অফ প্রেসিডেন্স অনুযায়ী সর্ব প্রথম কে অবস্থান করেন?
(ক) প্রধানমন্ত্রী (খ) রাষ্ট্রপতি
(গ) প্রধান উপদেষ্টা (ঘ) প্রধান বিচারপতি
উত্তরঃ (খ) রাষ্ট্রপতি।
ব্যাখ্যাঃ Warrant of precedence, ১৯৮৬ অনুযায়ী, ২৫টির মধ্যে প্রথম পদমর্যাদা হলো:
১. রাষ্ট্রপতি, ২. প্রধানমন্ত্রী, ৩. স্পিকার, ৪. প্রধান বিচারপতি।

৪৬। একটি বই 10% ক্ষতিতে বিক্রি করা হইল। বিক্রয়মূল্য 60 টাকা বেশী হলে 5% লাভ হত। বইটির ক্রয়মূল্য কত টাকা?
(ক) 200 (খ) 300
(গ) 400 (ঘ) 500
উত্তরঃ (গ) 400.
ব্যাখ্যাঃ ধরি, ক্রয়মূল্য $= B$
তাহলে, 10% ক্ষতিতে বিক্রয়মূল্য $= B - B \times \frac{10}{100}$
$= B\left(1 - \frac{1}{100}\right)$
$= B\left(\frac{100-10}{100}\right)$
$= \frac{90B}{100}$
5% লাভে বিক্রয়মূল্য $= B + B \times \frac{5}{100} = \frac{105B}{100}$
প্রশ্নমতে, $\frac{105B}{100} = \frac{90B}{100} + 60$
$\Rightarrow 105B = 90B + 60 \times 100$
$\Rightarrow 105B - 90B = 60 \times 100$
$\Rightarrow 15B = 60 \times 100$
$\therefore B = \frac{60\times100}{15} = 400$

৪৭। একটা বাক্সে ৪টা লাল, ৩টা নীল, ২টা হলুদ ও ১টা সবুজ বল আছে। কমপক্ষে কয়টা বল উঠালে সেখানে অন্তত একটা লাল বল থাকবেই?
(ক) ৫ (খ) ৬
(গ) ৭ (ঘ) ৮
উত্তরঃ (গ) ৭।
ব্যাখ্যাঃ নীল, হলুদ ও সবুজ বলের সংখ্যা = ৩ + ২ + ১ = ৬টি
তাহলে, ৬ + ১ = ৭টি বল তুললে অন্তত ১টি লাল বল থাকবেই।

৪৮। Identify the correct passive form, "People thought that the despot was corrupt"
(ক) The despot had been thought to be corrupt
(খ) It was thought that the despot was corrupt
(গ) The despot was thought to be corrupt
(ঘ) The despot is thought to be corrupt
উত্তরঃ (খ) ও (গ)।
ব্যাখ্যাঃ প্রদত্ত বাক্যটি হলো: "People thought that the despot was corrupt." এই ধরনের বাক্যকে দু'ভাবে passive করা যায়:
1. 'It' দিয়ে বাক্যটি শুরু করা হয় (Impersonal Passive) এবং main clause এর subject (People) সরিয়ে দেওয়া হয়।
Active Clause: People thought
Passive Conversion: It was thought
Final Passive Form: It was thought that the despot was corrupt.
2. এই পদ্ধতিতে নাউন ক্লজের subject কে (the despot) passive বাক্যের subject করা হয় এবং mail clause এর verb কে infinitive form এ (to + verb) লেখা হয়।

৪৯। After lunch we went for a leisurely stroll Here 'leisurely' is a /an-
(ক) adverb (খ) adjective
(গ) noun (ঘ) conjunction
উত্তরঃ (খ) adjective.
ব্যাখ্যাঃ এই বাক্যে, 'leisurely' শব্দটি 'stroll' (noun) শব্দটিকে বর্ণনা করছে। যেহেতু 'leisurely' শব্দটি 'stroll' (পদচারণা) কেমন ছিল, তা বোঝাচ্ছে, তাই এটি একটি adjective (বিশেষণ)। এছাড়ারও article ও noun (stroll) এর মাঝে একটি শব্দ থাকলে সেটি adjective.

৫০। নিম্নোক্ত কোন দেশটি ইউরোপিয়ান ইউনিয়নের (EU) সদস্য নয়?
(ক) বুলগেরিয়া (খ) হাঙ্গেরি
(গ) পোল্যান্ড (ঘ) সুইজারল্যান্ড
উত্তরঃ (ঘ) সুইজারল্যান্ড।
ব্যাখ্যাঃ EU ম্যাস্ট্রিক্ট চুক্তির মাধ্যমে ১৯৯৩ সালে গঠিত হয়। এর সদস্য সংখ্যা ২৭টি। এর মধ্যে সুইজারল্যান্ড ইউরোপের দেশ হলেও European Union এর সদস্য নয়।

৫১। The play "Englishmen for My Money" was written by-
(ক) Christopher Marlowe
(খ) Thomas Kyd
(গ) William Haughton
(ঘ) Ben Johnson
উত্তরঃ (গ) William Haughton.
ব্যাখ্যাঃ 'Englishmen for My Money' কমেডি নাটকটি লিখেছেন William Haughton. এই নাটকটির পুরো নাম হলো 'Englishmen for My Money, or A Woman Will Have Her Will'.নাটকটি মূলত লন্ডনের ব্যবসায়ী সমাজ ও তাদের পরিবারকে কেন্দ্র করে আবর্তিত। Englishmen for My Money' নাটকটির প্রধান চরিত্রগুলো হলো: Pisaro, Laurentia, Marina, Mathea, Harvey, Heigham, Walgrave etc.

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

৫২। 'তিনি কথা শুনে ঘুমাতে পারলেন না'- বাক্যটির অস্তিবাচক রূপ কী হবে?
(ক) তিনি কথা না শুনে ঘুমাতে পারলেন না
(খ) তিনি কথা না শুনে ঘুমাতে পারলেন
(গ) তিনি জেগে রইলেন কথা না শুনে
(ঘ) তিনি কথা শুনে জেগে রইলেন
উত্তরঃ (ঘ) তিনি কথা শুনে জেগে রইলেন।
ব্যাখ্যাঃ নেতিবাচক বাক্য: তিনি কথা শুনে ঘুমাতে পারলেন না। অস্তিবাচক: তিনি কথা শুনে জেগে রইলেন।

৫৩। "____ I cannot but conclude the Bulk of your Natives, to be the most pernicious race of little odious vermin that Nature ever suffered to crawl upon the surface of the Earth" - the statement occurs in-
(ক) Robinson Crusoe (খ) A Doll's House
(গ) Vanity Fair (ঘ) Gulliver's Travels
উত্তরঃ (ঘ) Gulliver's Travels.
ব্যাখ্যাঃ উক্তিটি Jonathan Swift এর Gulliver's Travels থেকে নেওয়া হয়েছে। "Gulliver's Travels" এর দ্বিতীয় অংশে, ব্রবডিংন্যাগের রাজা (King of Brobdingnag) গালিভারের কথাগুলো শুনে বলেছিলেন যে ইউরোপীয় মানুষ হলো "ক্ষুদ্র, ঘৃণ্য এবং সবচেয়ে ক্ষতিকর কীট।" অর্থাৎ মানুষ ক্ষুদ্র ও ক্ষতিকর। এই উক্তির মাধ্যমে Jonathan Swift ইউরোপীয় সমাজের অহংকার, দুর্নীতি ও মানুষের খারাপ স্বভাবকে তীব্রভাবে সমালোচনা করেছেন। তিনি পাঠককে হাস্যরসের মাধ্যমে মানুষের দুর্বল দিকগুলো চিন্তা করতে বলেন।
Jonathan Swift এর কয়েকটি বিখ্যাত উক্তি:
"Satire is a sort of glass, wherein beholders do generally discover everybody's face but their own." — The Battle of the Books
"When a true genius appears in the world, you may know him by this sign, that the dunces are all in confederacy against him." —Thoughts on Various Subjects
"We have just enough religion to make us hate, but not enough to make us love one another." A Tale of a Tub (1704)
"A wise person should have money in their head, but not in their heart."- A Modest Proposal (1729).

৫৪। একটি থলিতে 3টি সবুজ এবং 2টি লাল বল আছে। অপর একটি থলিতে 2টি সবুজ এবং 5টি লাল বল আছে। নিরপেক্ষভাবে প্রত্যেক থলি থেকে একটি করে বল তোলা হল। দুইটি বলের মধ্যে অন্তত একটি সবুজ হওয়ার সম্ভাব্যতা কত?
(ক) $\frac{5}{7}$ (খ) $\frac{2}{7}$
(গ) $\frac{5}{12}$ (ঘ) $\frac{1}{4}$
উত্তরঃ (ক) $\frac{5}{7}$.
ব্যাখ্যাঃ প্রথম থলে থেকে 1টি লাল বল পাবার সম্ভাবনা = $\frac{2}{3+2} = \frac{2}{5}$
দ্বিতীয় বলে থেকে 1টি লাল বল পাবার সম্ভাবনা $\frac{5}{2+5} = \frac{5}{7}$
দুটি থলে থেকে একে একে বল নিলে লাল হবার সম্ভাবনা = সবুজ না হওয়ার সম্ভাবনা = $\frac{2}{5} \times \frac{5}{7} = \frac{2}{7}$
∴ অন্তত 1টি সবুজ হওয়ার সম্ভাবনা = $1 - \frac{2}{7} = \frac{5}{7}$

৫৫। পাকিস্তানের ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার কে ছিলেন?
(ক) বিচারপতি সাত্তার
(খ) বিচারপতি সায়েম
(গ) বিচারপতি আবু সাঈদ চৌধুরী
(ঘ) বিচারপতি হামিদুর রহমান
উত্তরঃ (ক) বিচারপতি সাত্তার।
ব্যাখ্যাঃ ১৯৭০ সালের সাধারণ নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার ছিলেন বিচারপতি আব্দুস সাত্তার।

৫৬। নিম্নোক্ত কোন দেশটি 'Five Eyes' ভুক্ত নয়?
(ক) অস্ট্রেলিয়া (খ) ফ্রান্স
(গ) নিউজিল্যান্ড (ঘ) কানাডা
উত্তরঃ (খ) ফ্রান্স।
ব্যাখ্যাঃ Five Eyes (FVEY) একটি গোয়েন্দা জোট। এর সদস্য ৫টি। যথা: যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, কানাডা ও নিউজিল্যান্ড।

৫৭। কোন যান্ত্রিক গিয়ারের চাকা ছোট হলে সংযুক্ত অবস্থায় বড়টির চেয়ে ছোট চাকাটি কিভাবে ঘুরবে?
(ক) আস্তে (খ) জোরে
(গ) একইভাবে (ঘ) কোনটিই নয়
উত্তরঃ (খ) জোরে।
ব্যাখ্যাঃ ছোট চাকাটি যখন বড় চাকাটির সাথে সংযুক্ত থাকে, তখন তারা একে অপরকে বিপরীত দিকে ঘোরায়। বড় চাকাটি একবার ঘুরলে, ছোট চাকাটি তার আকার অনুযায়ী বেশি বার ঘুরে যাবে, কারণ ছোট চাকাটির পরিধি কম। সুতরাং, সংযুক্ত অবস্থায় বড়টির চেয়ে ছোট চাকাটি জোরে ঘুরবে

৫৮। কোন ধ্বনি পরিবর্তনটি যথাযথ নয়?
(ক) ক্রন্দন > কাঁদা (খ) অঞ্চল > আঁচল
(গ) সংগীত > গীতিকা (ঘ) দন্ত > দাঁত
উত্তরঃ (গ) সংগীত > গীতিকা।
ব্যাখ্যাঃ 'সংগীত > গীতিকা' পরিবর্তনটি ধ্বনির পরিবর্তনে সাধিত হয়নি। এক্ষেত্রে সম্পূর্ণ নতুন পদ গঠিত হয়েছে। তাই এই পরিবর্তনটি যথাযথ নয়।

৫৯। "কেবল আয়ের অভাব নয়, বরং সামর্থ্যের অভাবই দারিদ্র্যের মূল কারন"-অর্থনীতিবিদ অমর্ত্য সেন কোন গ্রন্থে এই যুক্তি তুলে ধরেন?
(ক) Development as Freedom
(খ) Women and Human Development
(গ) Development through Disposition
(ঘ) Development, Environment and Power
উত্তরঃ (ক) Development as Freedom.
ব্যাখ্যাঃ নোবেল বিজয়ী ভারতীয় অর্থনীতিবিদ অমর্ত্য সেনের বিখ্যাত বই "Development as Freedom". আলোচ্য উক্তিটি এ বইয়ে উল্লেখ আছে।

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

৬০। 'We know that the earth is a planet' The underlined part is a/an-

(ক) noun clause (খ) adverbial clause
(গ) adjective clause (ঘ) principal clause

উত্তরঃ (ক) noun clause.


ব্যাখ্যাঃ এখানে "that the earth is a planet" অংশটি know ক্রিয়াটির object হিসেবে কাজ করছে। যে clause বাক্যে কোনো noun-এর মতো কাজ করে (subject, object, complement ইত্যাদি), সেটিই noun clause.

৬১। 15 মিটার লম্বা একটি স্কেলের এক প্রান্তে 10 কেজি ওজন বাঁধা হয়েছে। একই প্রান্ত থেকে স্কেলের দৈর্ঘ্যের 3:2 অনুপাতে একটি পেরেক লাগানো আছে। অপর প্রান্তে কত কেজি ওজন দিলে স্কেলের ভারসাম্য থাকবে?

(ক) 45 (খ) 30
(গ) 15 (ঘ) 5

উত্তরঃ (গ) 15.

ব্যাখ্যাঃ




এখানে, $x \times 2 = 10 \times 3$

$\therefore x = \frac{10 \times 3}{2} = 15$

৬২। কাজী নজরুল ইসলামের কোন্ উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র জাহাঙ্গীর

(ক) বাঁধন-হারা (খ) মৃত্যুক্ষুধা
(গ) কুহেলিকা (ঘ) শিউলিমালা

উত্তরঃ (গ) কুহেলিকা।

ব্যাখ্যাঃ কাজী নজরুল ইসলাম রচিত ৩টি উপন্যাস হলো:
১। বাঁধনহারা: এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র নুরুল হুদা, মাহবুবা, রাবেয়া প্রমুখ।
২। মৃত্যুক্ষুধা: এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র আনসার, মেজ বৌ, রুবি, প্যাঁকালে প্রমুখ।
৩। কুহেলিকা: এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র জাহাঙ্গীর, তাহমিনা, প্রমত্ত প্রমুখ।
'শিউলিমালা' কাজী নজরুল ইসলাম রচিত গল্পগ্রন্থ।

৬৩। বাংলাদেশের সর্বোচ্চ সংখ্যক চা বাগান রয়েছে কোন জেলায়?

(ক) সিলেট (খ) চট্টগ্রাম
(গ) মৌলভীবাজার (ঘ) পঞ্চগড়

উত্তরঃ (গ) মৌলভীবাজার।

ব্যাখ্যাঃ বাংলাদেশের সবচেয়ে বেশি চা বাগান আছে মৌলভীবাজার জেলায়।
মৌলভীবাজার- ৯০টি। হবিগঞ্জ- ২৫টি এবং চট্টগ্রামে- ২২টি। (বাংলাদেশ চা বোর্ড)

৬৪। নিম্নোক্ত কোন রাষ্ট্রটি সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশন বা SCO এর সদস্য নয়?

(ক) আজারবাইজান (খ) ভারত
(গ) পাকিস্তান (ঘ) ইরান

উত্তরঃ (ক) আজারবাইজান।

ব্যাখ্যাঃ SCO এর প্রতিষ্ঠা ১৫ জুন, ২০০১ সালে। এর বর্তমান সদস্য ১০টি। চীন, রাশিয়া, কাজাখস্তান, কিরগিজিস্তান, তাজিকিস্তান, উজবেকিস্তান, ভারত, পাকিস্তান, ইরান এবং সর্বশেষ বেলারুশ।

৬৫। Select the sentence in which 'better' is an adverb

(ক) We're helping for better weather tomorrow
(খ) Sound travels better in water than in air
(গ) It's hard to decide which one is better
(ঘ) He joined the gym to better his health.

উত্তরঃ (খ) Sound travels better in water than in air.

ব্যাখ্যাঃ 'Better' শব্দটি একটি বাক্যে Adjective, Adverb, Noun বা Verb হিসেবে ব্যবহৃত হতে পারে। (ক) We're helping for better weather tomorrow. এখানে better = adjective (noun weather কে বর্ণনা করছে)
(খ) Sound travels better in water than in air. 'Better' এখানে 'travels' ক্রিয়াটি কিভাবে ঘটে (আরও ভালোভাবে/গতিতে) তা বোঝাচ্ছে। এখানে better = adverb.
(গ) It's hard to decide which one is better. 'better' এখানে 'which one' (কোনটি) কেমন তা বোঝাচ্ছে। এটি Adjective.
(ঘ) He joined the gym to better his health. 'to' এর পর মূল verb হিসেবে better ব্যবহৃত হয়েছে।

৬৬। চীন, ভারত ও বাংলাদেশের প্রবাহিত ব্রহ্মপুত্র নদী চীন বা তিব্বতে কী নামে পরিচিত?

(ক) ইয়াংসি (খ) লিজিয়াং
(গ) হয়াইলি (ঘ) ইয়ারলাং সাংপো

উত্তরঃ (ঘ) ইয়ারলাং সাংপো।

ব্যাখ্যাঃ ব্রহ্মপুত্র নদী চীন/তিব্বতে ইয়ারলাং সাংপো নামে এবং ভারতে সিয়াং/দিহেং নামে পরিচিত। সম্প্রতি চীন এ নদীতে ড্যাম নির্মাণ করে জলবিদ্যুৎ উৎপাদনের পদক্ষেপ নেয়ায় এ নদীর নাম ব্যাপক আলোচনায় আসে।

৬৭। বাংলাদেশের জুলাই বিপ্লবের শহীদ আবু সাঈদ কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন?

(ক) ঢাকা বিশ্ববিদ্যালয়
(খ) রংপুর বিশ্ববিদ্যালয়
(গ) রাজশাহী বিশ্ববিদ্যালয়
(ঘ) বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

উত্তরঃ (ঘ) বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

ব্যাখ্যাঃ জুলাই আন্দোলনের প্রথম শহীদ আবু সাঈদ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র ছিলেন। আন্দোলন চলাকালে ১৬ জুলাই পুলিশের গুলিতে তিনি শহীদ হন।

৬৮। Fill in the blanks with appropriate words. 'Selina knocked it ____ the park with her performance in culinary art'

(ক) outside (খ) out of
(গ) inside (ঘ) off

উত্তরঃ (খ) out of.

ব্যাখ্যাঃ 'Knocked it out of the park' means to do something or perform exceptionally well, far exceeding expectations.

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

৬৯। ভারত পাকিস্তানের মধ্যে ইন্দাস ওয়াটার ট্রিটি (IWT) কোন সালে স্বাক্ষরিত হয়?

(ক) ১৯৪৮ (খ) ১৯৭৪
(গ) ১৯৬৫ (ঘ) ১৯৮০

উত্তরঃ Blank.

ব্যাখ্যাঃ ভারত-পাকিস্তানের মধ্যে ইন্দাস ওয়াটার ট্রিটি (IWT) স্বাক্ষরিত ১৯ সেপ্টেম্বর, ১৯৬০ সালে করাচিতে। বিশ্বব্যাংক এর মধ্যস্থতায় ছিলো একে বাংলা 'সিন্ধু পানি চুক্তি' বলে।

বি.দ্র: অপশনে ১৯৬০ নেই তাই সঠিক উত্তর দেয়া যাচ্ছে না।

৭০। The idiom 'icing on the cake' means-

(ক) a slice of the cake
(খ) an attractive but unnecessary addition
(গ) an attractive service
(ঘ) an attractive and essential enhancement

উত্তরঃ (খ) an attractive but unnecessary addition.

ব্যাখ্যাঃ 'Icing on the cake' idiom টির অর্থ হলো: এটি সাধারণত এমন একটি ইতিবাচক বা সুন্দর বিবরণকে বোঝায় যা আগে থেকেই ভালো একটি জিনিসকে আরও নিখুঁত বা বিশেষ করে তোলে, কিন্তু এর অনুপস্থিতিতেও মূল বস্তুর গুরুত্ব কমতো না।

উদাহরণ: "He got the job he wanted, and a company car was the icing on the cake." (সে যে চাকরিটি চেয়েছিল তা পেল, আর একটি কোম্পানির গাড়ি পাওয়াটা হলো icing on the cake.

৭১। Choose the synonym for 'fright':

(ক) placidity (খ) composure
(গ) apprehension (ঘ) equanimity

উত্তরঃ (গ) apprehension.

ব্যাখ্যাঃ Fright means a sudden intense fear or anxiety.
Apprehension can mean fear or anxiety about something that may happen.
Placidity means calmness, peacefulness.
Composure means calm and controlled state.
Equanimity means mental calmness.

৭২। "Rubiyat of Khayyam" is attributed to

(ক) Edward FitzGerald (খ) Scott Fitzgerald
(গ) Thomas Fitzgerald (ঘ) William Fitzgerald

উত্তরঃ (ক) Edward FitzGerald.

ব্যাখ্যাঃ "Rubaiyat of Omar Khayyam" হলো পারস্যের কবি ও দার্শনিক Omar Khayyam এর চতুর্পদী কবিতার সংকলন। এই কবিতা সংকলনকে পশ্চিমা বিশ্বের কাছে পরিচিত এবং জনপ্রিয় করে তোলার জন্য, এবং এর সবচেয়ে পরিচিত ইংরেজি অনুবাদ প্রকাশ করার কৃতিত্ব সম্পূর্ণভাবে Edward FitzGerald-কে দেওয়া হয়।

৭৩। 'উৎক্ষেপণ' শব্দের 'উৎ' উপসর্গ কোন অর্থ ধারণ করছে?

(ক) জোর (খ) উর্ধ্ব
(গ) আড়াল (ঘ) গতি

উত্তরঃ (খ) উর্ধ্ব।

ব্যাখ্যাঃ উৎক্ষেপণ শব্দে 'উৎ' উপসর্গটি 'উপরের দিকে', 'ঊর্ধ্ব' বা 'বাহিরে' অর্থ প্রকাশ করে।

৭৪। রবীন্দ্রনাথ ঠাকুর শব্দের শুরুতে মাত্রাযুক্ত এ-কার ব্যবহার করতেন কেন?

(ক) এ-কার মাত্রা যুক্ত বলে
(খ) 'এ' মাত্রাহীন বর্ণ বলে
(গ) 'এ' উচ্চারণ বোঝাতে
(ঘ) 'অ্যা' উচ্চারণ বোঝাতে

উত্তরঃ (ঘ) 'অ্যা' উচ্চারণ বোঝাতে।

ব্যাখ্যাঃ রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা বানানে মাত্রাযুক্ত 'এ' কার ব্যবহার করতেন দুটি ভিন্ন ধ্বনি বোঝানোর জন্য। এক্ষেত্রে তিনি মাত্রাযুক্ত 'এ' কার ব্যবহার করতেন 'অ্যা' ধ্বনি বুঝানোর জন্য। যেমন: অ্যামন (এমন), অ্যাখন (এখন), অ্যাক (এক) প্রভৃতি।

৭৫। যদি $M = \{a, b, 1, 2\}$ এবং $N = (1, 2)$ হয়, তবে $N - M$ এর মান কত?

(ক) $\{\ \}$ (খ) $\{a, b\}$
(গ) $\{0\}$ (ঘ) $\{-a, -b\}$

উত্তরঃ (ক) $\{\ \}$.

ব্যাখ্যাঃ
দেওয়া আছে,
$M = \{a, b, 1, 2\}$
$N = \{1, 2\}$
$\therefore N - M = \{1, 2\} - \{a, b, 1, 2\} = \{\ \}$

৭৬। কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত?

(ক) ডাক্তারখানা
(খ) হাসপাতাল
(গ) আকাশছোঁয়া
(ঘ) গুণমান

উত্তরঃ (ঘ) গুণমান।

ব্যাখ্যাঃ ডাক্তারখানা (মিশ্র শব্দ) = ডাক্তার (ইংরেজি) + খানা (ফারসি শব্দ)।
হাসপাতাল = বিদেশি শব্দ, কোনো প্রত্যয় যুক্ত হয়নি।
আকাশছোঁয়া = সমাসযোগে গঠিত শব্দ (আকাশকে ছোঁয়া)।
গুণমান = প্রত্যয়যোগে গঠিত শব্দ: গুণ (মূল শব্দ) + মান (প্রত্যয়)।

৭৭। 'সত্যকে স্বীকার করতে অনেক ব্যক্তিরাই চায়না।' এখানে ভুল ঘটেছে-

(ক) বানান ও প্রত্যয়ের
(খ) অর্থ ও বচনের
(গ) অর্থ ও প্রত্যয়ের
(ঘ) বানান ও বচনের

উত্তরঃ (ঘ) বানান ও বচনের।

ব্যাখ্যাঃ বানানের ভুল: চায়না (বিশেষ্য)- চায় না (ক্রিয়াপদ + না-সূচক অব্যয়)।
বচনের ভুল: অনেক ব্যক্তিরাই- অনেক ব্যক্তিই।
সুতরাং, বাক্যটির সঠিক রূপ হবে: সত্যকে স্বীকার করতে অনেক ব্যক্তিই চায় না।

৭৮। পরিভাষিক শব্দ বলতে বুঝায়-
(ক) ইংরেজি শব্দের বাংলা রূপান্তর
(খ) বিদেশি শব্দের অনুবাদ
(গ) বিষয়গত সুনির্দিষ্ট অর্থবোধক শব্দ
(ঘ) ব্যবহারিক প্রয়োজনে নবনির্মিত শব্দ
উত্তরঃ (গ) বিষয়গত সুনির্দিষ্ট অর্থবোধক শব্দ।
ব্যাখ্যাঃ পারিভাষিক শব্দ হলো এমন শব্দ যা কোনো নির্দিষ্ট জ্ঞানের শাখা, বিষয়, পেশা ইত্যাদি ক্ষেত্রে সুনির্দিষ্ট ও বিশেষ অর্থ প্রকাশ করে। যেমন: রসায়নে 'বিক্রিয়া' (Reaction); ভাষাবিজ্ঞানে 'প্রত্যয়' (Suffix); পদার্থবিজ্ঞানে 'ভর' (Mass).

৭৯। 'মৃগয়া' শব্দের মৃগ বলতে কি বোঝানো হয়?
(ক) বানর (খ) সিংহ
(গ) পশু (ঘ) বন
উত্তরঃ (গ) পশু।
ব্যাখ্যাঃ 'মৃগ' অর্থ 'পশু' বা 'হরিণ'।

৮০। বাংলাদেশের সবচেয়ে বড় গণমাধ্যম নিয়ন্ত্রক সংস্থা কোন টি?
(ক) তথ্য মন্ত্রণালয় (খ) প্রেস কাউন্সিল
(গ) বিটিআরসি (ঘ) বাংলাদেশ টেলিভিশন
উত্তরঃ (খ) প্রেস কাউন্সিল।
ব্যাখ্যাঃ প্রেস কাউন্সিল আইন-১৯৭৪ অনুযায়ী প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ প্রেস কাউন্সিল। এ প্রতিষ্ঠানের প্রধান কাজ হলো গণমাধ্যম নিয়ন্ত্রন ও ব্যবস্থাপনা।


৮১। Demographic Dividend বলতে কী বুঝায়?
(ক) শিশু মৃত্যুহার হ্রাস
(খ) জন্মহার শূনের কোটায় আনা
(গ) জনসংখ্যার অধিকাংশ বেকার
(ঘ) কর্মক্ষম বয়স গোষ্ঠীর অনুপাত বৃদ্ধি
উত্তরঃ (ঘ) কর্মক্ষম বয়স গোষ্ঠীর অনুপাত বৃদ্ধি।
ব্যাখ্যাঃ Demographic Dividend হলো জনসংখ্যার বয়স-কাঠামোর অনুকূল পরিবর্তনের ফলে অর্জিত অর্থনৈতিক প্রবৃদ্ধির সম্ভাবনা, যেখানে শ্রম-বয়সের (সাধারণত ১৫-৬৪ বছর) জনসংখ্যা নির্ভরশীল বয়স্ক বা শিশু জনসংখ্যার চেয়ে বেশি থাকে। অর্থাৎ, কর্মক্ষম বয়স গোষ্ঠীর অনুপাত বৃদ্ধি পায়।এর ফলে কর্মক্ষম মানুষের সংখ্যা বাড়ে, যা উৎপাদনশীলতা বৃদ্ধি করে এবং একটি দেশকে অর্থনৈতিক উন্নয়নের সুযোগ করে দেয়।

৮২। ভাষা-পরিবার অনুযায়ী সাঁওতাল জনগোষ্ঠী প্রধানত কোন পরিবারভুক্ত?
(ক) ইন্দো-আর্য
(খ) দ্রাবিড়
(গ) অস্ট্রিক-অস্ট্রো এসিয়াটিক (মুণ্ডা)
(ঘ) তিব্বত-বর্মী
উত্তরঃ (গ) অস্ট্রিক-অস্ট্রো এসিয়াটিক (মুণ্ডা)।
ব্যাখ্যাঃ সাঁওতালি ভাষা-পরিবার: সাঁওতাল জনগোষ্ঠী যে ভাষায় কথা বলে, সেটি হলো সাঁওতালি ভাষা। এই ভাষাটি বৃহত্তর অস্ট্রো-এশীয় বা অস্ট্রিক ভাষা পরিবারের অন্তর্ভুক্ত। ক. ভাষা পরিবার: অস্ট্রিক-অস্ট্রো এসিয়াটিক। খ. শাখা: মুণ্ডা শাখা।

৮৩। কোন শব্দটি বিসর্গসন্ধির মাধ্যমে গঠিত?
(ক) নীরব (খ) উজ্জ্বল
(গ) মানোত্তীর্ণ (ঘ) সংগ্রাম
উত্তরঃ (ক) নীরব।
ব্যাখ্যাঃ 'ই' কিংবা 'উ' ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যেমন: নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস।

৮৪। লর্ড কর্নওয়ালিস ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল হওয়ায় পূর্বে কোন ভূমিকায় ছিলেন?
(ক) ব্রিটেনের পররাষ্ট্র মন্ত্রী
(খ) ফ্রান্সে নিযুক্ত ব্রিটেনের রাষ্ট্রদূত
(গ) যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধে ব্রিটিশ বাহিনীর প্রধান
(ঘ) কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য
উত্তরঃ (গ) যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধে ব্রিটিশ বাহিনীর প্রধান।
ব্যাখ্যাঃ লর্ড কর্নওয়ালিস ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল হওয়ার পূর্বে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধে ব্রিটিশ বাহিনীর প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। ১৭৯৩ সালে তিনি ভারতে 'চিরস্থায়ী বন্দোবস্তো' চালু করে।

৮৫। PQR ত্রিভুজের $\angle Q = 90°$ এবং $\angle P = 2\angle R$ হলে নিচের কোনটি সঠিক?
(ক) PR = 2QR (খ) PQ = 2PR
(গ) PR = 2PQ (ঘ) QR = 2PQ
উত্তরঃ (ঘ) QR = 2PQ.
ব্যাখ্যাঃ




PQR ত্রিভুজের $\angle Q = 90°$
$\angle P = 2\angle R$
$\angle P + \angle Q + \angle R = 180$
$\Rightarrow 2\angle R + 90 + \angle R = 180$
$\Rightarrow 3\angle R = 180 - 90 = 90$
$\Rightarrow \angle R = 30°$
$\angle P = 2 \times 30° = 60°$
$\cos P = \frac{PQ}{PR}$
$\Rightarrow \cos 60° = \frac{PQ}{PR}$
$\Rightarrow \frac{1}{2} = \frac{PQ}{PR}$
$\therefore PR = 2PQ.$

৮৬। ভাষার অর্থযুক্ত ক্ষুদ্রতম একক কোনটি?
(ক) অক্ষর (খ) রূপমূল
(গ) শব্দ (ঘ) বর্গ
উত্তরঃ (খ) রূপমূল।
ব্যাখ্যাঃ ভাষার অর্থযুক্ত ক্ষুদ্রতম একক হলো রূপমূল। উদাহরণ: 'গাছ' একটি রূপমূল। এর অর্থ 'বৃক্ষ'। 'গাছগুলো' = গাছ (রূপমূল) + গুলো (বহুবচন)।

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

৮৭। ধ্বনি ও বর্ণের পার্থক্য কোথায়?
(ক) লেখার ধরনে (খ) উচ্চারণের বিশিষ্টতায়
(গ) সংখ্যাগত পরিমানে (ঘ) ইন্দ্রিয় গ্রাহ্যে
উত্তরঃ (খ) উচ্চারণের বিশিষ্টতায়।
ব্যাখ্যাঃ ধ্বনি ও বর্ণের পার্থক্য: 'ধ্বনি' (Sound) এবং 'বর্ণ' (Letter/Phonogram) এর মধ্যে প্রধান পার্থক্যটি তাদের রূপ বা অস্তিত্বের ধরনের ওপর নির্ভর করে, যা ইন্দ্রিয়ের মাধ্যমে বোঝা যায়।

| বৈশিষ্ট্য | ধ্বনি (ধ্বনিতত্ত্বের বিষয়) | বর্ণ (রূপতত্ত্বের বিষয়) |
|---|---|---|
| সত্তা (Existenc) | বায়ুতরঙ্গ, শ্রবণেন্দ্রিয়ের দ্বারা গ্রাহ্য। | প্রতীক বা চিহ্ন, দর্শনেন্দ্রিয়ের দ্বারা গ্রাহ্য। |
| মাধ্যম | আলোচ্য | লিখিত |
| সংজ্ঞা | ভাষার ক্ষুদ্রতম শ্রাব্য একক। | ধ্বনির লিখিত রূপ বা প্রতীক। |

৮৮। চর্যাপদের খণ্ডিত পদগুলো তিব্বতি থেকে প্রাচীন বাংলায় রূপান্তর করেন-
(ক) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
(খ) হরপ্রসাদ শাস্ত্রী
(গ) রাজেন্দ্রলাল মিত্র
(ঘ) সুকুমার সেন
উত্তরঃ (ক) সুনীতিকুমার চট্টোপাধ্যায়।
ব্যাখ্যাঃ চর্যাপদের যে পদগুলো মূল পুঁথিতে খণ্ডিত বা অসম্পূর্ণ ছিল, সেগুলো তিব্বতি অনুবাদ থেকে প্রাচীন বাংলায় রূপান্তর বা পুনর্গঠন করেন সুনীতিকুমার চট্টোপাধ্যায়। হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজদরবারের গ্রন্থাগার থেকে চর্যাপদের পুঁথি আবিষ্কার করেন এবং ১৯১৬ সালে 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধ গান ও দোঁহা' নামে তা প্রকাশ করেন। তবে, পুঁথির বেশ কিছু পদ (যেমন: ২৩ নং পদের শেষাংশ, ২৪, ২৫, ৪৮ নং পদ ইত্যাদি) ছিল খণ্ডিত বা মূল পুঁথিতে পাওয়া যায়নি। এই খণ্ডিত পদগুলো পূরণ করতে এবং পুঁথির মূল অর্থোদ্ধারে সহায়তা করতে ডক্টর সুনীতিকুমার চট্টোপাধ্যায় এবং ডক্টর প্রবোধচন্দ্র বাগচী তিব্বতি ভাষায় চর্যাপদের যে অনুবাদ পাওয়া গিয়েছিল, সেগুলোর সাহায্য নেন। বিশেষত, তিব্বতি অনুবাদ থেকে বাংলা পদগুলোর পাঠ পুনর্গঠনের কাজটি গুরুত্বপূর্ণভাবে সম্পন্ন করেন ডক্টর সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

৮৯। হালিমা ইয়াকুব কোন্ দেশের রাষ্ট্রপতি ছিলেন?
(ক) ব্রুনেই (খ) মালয়েশিয়া
(গ) সিংগাপুর (ঘ) তানজানিয়া
উত্তরঃ (গ) সিংগাপুর।
ব্যাখ্যাঃ হালিমা ইয়াকুব সিঙ্গাপুরের প্রথম নারী রাষ্ট্রপতি। তিনি সিঙ্গাপুর পার্লামেন্টের সাবেক স্পিকার ছিলেন।

৯০। আশিস নন্দী, শশী থারুর প্রমুখ লেখকের মতে দ্বি-জাতি তত্ত্বের প্রথম প্রবক্তা কোন সংগঠনটি?
(ক) মুসলিম লীগ
(খ) সর্ব ভারতীয় জাতীয় কংগ্রেস
(গ) আর.এস.এস.
(ঘ) জমিয়তে-ই-হিন্দ
উত্তরঃ (ক) মুসলিম লীগ।
ব্যাখ্যাঃ আশিশ নন্দী একজন ভারতীয় রাজনৈতিক মনোবিজ্ঞানী এবং সমালোচক। শশী থারুর ভারতীয় সাবেক কূটনীতিক এবং রাজনীতিবিদ। তাদের মতে দ্বি-জাতি তত্ত্বের প্রথম প্রবক্তা এবং সংগঠনটি হলো মুসলিম লীগ।

৯১। 'We work every day except Friday'. In this sentence 'except' is a/an-
(ক) adjective (খ) noun
(গ) preposition (ঘ) pronoun
উত্তরঃ (গ) preposition.
ব্যাখ্যাঃ Except শব্দটি noun (Friday) এর পূর্বে বসে, noun এর সাথে বাক্যের অন্য word এর সম্পর্ক স্থাপন করে তাই except এখানে preposition হিসেবে ব্যবহৃত হয়েছে।

৯২। সম্প্রতি বাংলাদেশ সফর করে যাওয়া পাকিস্তানের উপ প্রধান মন্ত্রী ও পররাষ্ট্র মন্ত্রী, ইসহাক দার পাকিস্তানের কোন রাজনৈতিক দলের সাথে সম্পৃক্ত?
(ক) পাকিস্তান পিপলস পার্টি (PPP)
(খ) পাকিস্তান তেহরিকে ইনসাফ (PTI)
(গ) পাকিস্তান মুসলিম লীগ (নওয়াজ)
(ঘ) জামায়াতে ইসলামী পাকিস্তান
উত্তরঃ (গ) পাকিস্তান মুসলিম লীগ (নওয়াজ)।
ব্যাখ্যাঃ গত আগস্ট মাসে পাকিস্তানের উপ প্রধান মন্ত্রী ও পররাষ্ট্র মন্ত্রী ইসহাক দার বাংলাদেশ সফর করেন। তিনি পাকিস্তান মুসলিম লীগ (নওয়াজ) এর নেতা।

৯৩। $ax + by = a^2$: $bx - ay = ab$; এই সহ-সমীকরণের (x, y) এর সমাধান কোনটি?
(ক) $(a^2, b^2)$ (খ) $(a, b)$
(গ) $(0, a)$ (ঘ) $(a, 0)$
উত্তরঃ (ঘ) $(a, 0)$.
ব্যাখ্যাঃ $ax + by = a^2$ ... (i)
$bx - ay = ab$ ... (ii)
(i) নং কে a ও (ii) নং কে b দ্বারা গুণ করে,
$a^2x + aby = a^2$
$\underline{b^2x - aby = ab^2}$
$a^2x - b^2x = a^3 - ab^2$
$\Rightarrow (a^2 - b^2)x = a(a^2 - b^2)$
$\therefore x = a$
x = a (ii) নং এ বসিয়ে,
$ba - ay = ab$
$\Rightarrow ay = ab - ab = 0$
∴ নির্ণেয় সমাধান (x, y) = (4, 0).

৯৪। Who wrote “A Vindication of the Rights of Women”?

(ক) Claire Clairmont

(খ) Marry Wollstonecraft

(গ) Mary Wollstonecraft Godwin

(ঘ) Mary Shelley

উত্তরঃ (খ) Marry Wollstonecraft.

ব্যাখ্যাঃ “A Vindication of the Rights of Woman” (1792) রচনা করেন Mary Wollstonecraft. এটি ছিল একটি অগ্রণী নারীবাদী গ্রন্থ, যেখানে তিনি নারীদের শিক্ষার সমান অধিকারের পক্ষে যুক্তি দেন। তিনি বলেন, সমাজে নারীদের কেবল সৌন্দর্য বা আবেগের প্রতীক হিসেবে দেখা উচিত নয়– বরং তাদের বুদ্ধি ও যুক্তিবাদিতা বিকাশের সুযোগ দিতে হবে। Mary Wollstonecraft Godwin ছিলেন তার কন্যা, যিনি পরবর্তীতে বিখ্যাত হন Mary Shelley নামে (the author of Frankenstein)।

৯৫। Which sentence is correct?

(ক) The picture was hanged on the wall

(খ) The picture was hung on the wall

(গ) The picture was hunged on the wall

(ঘ) The picture had hanged on the wall

উত্তরঃ (খ) The picture was hung on the wall.

ব্যাখ্যাঃ ‘The picture was hung on the wall’ বাক্যটি সঠিক। Hang (বস্তু ঝুলানো) এর past এবং past participle হচ্ছে Hung. অপরদিকে Hang (ফাঁসি দেয়া) এর past এবং past participle হচ্ছে Hanged.

৯৬। একটি গুণোত্তর ধারার পঞ্চম পদটি ৩২ ও অষ্টম পদটি ২৫৬ হলে উক্ত ধারার সাধারণ অনুপাত কত?

(ক) ৮ (খ) ১৬

(গ) ২ (ঘ) $\frac{১}{২}$

উত্তরঃ (গ) ২।

ব্যাখ্যাঃ গুণোত্তর ধারার n তম পদ $aq^{n-1}$

যেখানে a = প্রথম পদ, q = সাধারণ অনুপাত

∴ পঞ্চম পদ $= aq^{৫-১} = aq^{৪} = ৩২$

এবং, অষ্টম পদ $= aq^{৮-১} = aq^{৭} = ২৫৬$

$\therefore \frac{aq^{৭}}{aq^{৪}} = \frac{২৫৬}{৩২}$

$\Rightarrow q^{৩} = \frac{২৫৬}{৩২}$

$\therefore q = \sqrt[৩]{\frac{২৫৬}{৩২}} = \sqrt[৩]{\frac{১৬ \times ১৬}{৪ \times ৮}} = \sqrt[৩]{২ \times ২ \times ২} = ২$

৯৭। তুরস্কের বিচ্ছিন্নতাবাদী দল Kurdistan Workers’ Party বা PKK এর প্রতিষ্ঠাতা কে?

(ক) জালাল তালাবানী

(খ) মাসুদ বারজানী

(গ) মাজলুম আবদি

(ঘ) আবদুল্লাহ ওচালান

উত্তরঃ (ঘ) আবদুল্লাহ ওচালান।

ব্যাখ্যাঃ তুরস্কের বিচ্ছিন্নতাবাদী দল Kurdistan Workers' Party (PKK) এর প্রতিষ্ঠাতা হলেন আবদুল্লাহ ওচালান (Abdullah Ocalan)। তিনি ১৯৭৮ সালে PKK প্রতিষ্ঠা করেন। দলটি মূলত কুর্দিদের জন্য একটি স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে সশস্ত্র সংগ্রাম শুরু করে।

৯৮। ‘স্বাধীন’ শব্দের ব্যাসবাক্য কোনটি?

(ক) স্বীয়-এর অধীন

(খ) সত্ত্বার অধীন

(গ) স্ব-এর অধীন

(ঘ) স্বত্বের-অধীন

উত্তরঃ (গ) স্ব-এর অধীন।

ব্যাখ্যাঃ স্বাধীন শব্দটির ব্যাসবাক্য হলো: স্ব-এর অধীন। ‘স্ব’ অর্থ ‘নিজের’ এবং ‘অধীন’ অর্থ ‘নিয়ন্ত্রণাধীন’।

৯৯। প্রাচীন কালে কোন দেশে সিভিল সার্ভিসের ধারনা প্রথম উদ্ভূত হয়?

(ক) মিশর (খ) গ্রীস

(গ) চীন (ঘ) রোম

উত্তরঃ (গ) চীন।

ব্যাখ্যাঃ হান রাজবংশের সময়কালে চীনে প্রথম সিভিল সার্ভিসের ধারণার সৃষ্টি হয়। কনফুসিয়াসের দর্শনের ভিত্তিতে রাষ্ট্র পরিচালনায় মেধা ও গুণসম্পন্ন ব্যক্তিদের নিয়োগের জন্য পরীক্ষা পদ্ধতি চালু হয়েছিল।

১০০। ফররুখ আহমদের গ্রন্থ কোনটি?

(ক) হরফের ছড়া (খ) বর্ণশিক্ষা

(গ) বর্ণপরিচয় (ঘ) সহজ ছড়া

উত্তরঃ (ক) হরফের ছড়া।

ব্যাখ্যাঃ ফররুখ আহমদ রচিত শিশুতোষ গ্রন্থসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো: পাখির বাসা, হরফের ছড়া, চাঁদের আসর, ছড়ার আসর প্রভৃতি।

উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি